

# ঢাবি ও তেজগাঁও কলেজের শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষ

## ■ ইত্তেফাক রিপোর্ট

রাজধানীর ফার্মগেটে গতকাল বিকালে ঢাকা বিশ্ববিদ্যালয় ও তেজগাঁও কলেজের শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষ-ও ব্যাপক ভাঙুরের ঘটনা ঘটেছে। শিক্ষার্থীরা তেজগাঁও কলেজের বিবিএ-কম্পিউটার সাইন্স ভবন ভাঙুর করেছে। পুলিশ পরিহিত নিয়ন্ত্রণে আনতে ৫ রাতের রাবার বুলেট ও ৯/৭ রাতের টিয়ার বেল ফুটোছে। প্রায় অর্ধশত পাড়ি ভাঙুরের ফলে এই এলাকায় প্রায় আধ ঘণ্টা ধরে যানবাহন চলাচল বন্ধ থাকে। এতে অতিশয় ক্ষেত্র পরমুখী মানুষকে চরম দুর্ভোগের শিকার হতে হয়।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানায়, দুপুর আড়াইটার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিরপূর রুটের (সৈতানী-১) বিয়ারটিপি মোড়লা বাস তেজগাঁও কলেজের সামনে দিগে যাওয়ার সময় হানিফ বেট্টা পার্টিসের

## ব্যাপক ভাঙুর, আধাঘন্টা যান চলাচল বন্ধ, দুর্ভোগ

বাস কাউন্টারের সামনে ঐ কলেজের দুই শিক্ষার্থী বাসে ওঠার চেষ্টা করে। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ঐ দুই শিক্ষার্থীর পরিচয়পত্র দেখতে চায়। এ নিয়ে দুই শিক্ষার্থীর মধ্যে বাক-বিতণ্ডার এক পর্যায়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা তাদের ব্যাপক নারখর করে ঘটনাস্থল থেকে চলে যায়। এ খবর তেজগাঁও কলেজের শিক্ষার্থীদের কাছে পৌঁছলে তারা অফো হয়ে কলেজের সামনে ইন্দিরা রোডে অবস্থান নেয়। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিরপূর রুটের বৈশাখী বাসটি দেখানে পৌঁছলে তেজগাঁও কলেজের ছাত্ররা ঐ বাসে হানলা চালায়। এতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুই ছাত্রীর শরীরে পাড়ির ভাঙ্গা কাঁচ বেগে ক্ষতের সৃষ্টি হয়। খবর পেয়ে বিশ্ববিদ্যালয়ের আরো দুইটি বাস ফার্মগেট ওভারব্রিজের দিকে পৌঁছে। পরে ইন্দিরা

রোডে প্রবেশের মুখে বাস দুইটি আড়াআড়ি রেখে ব্যারিকেড দেয় শিক্ষার্থীরা। তারা তেজগাঁও কলেজের সামনে দিগে বিবিএ-কম্পিউটার সাইন্স ভবন লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করে। শিক্ষার্থীরা তেজগাঁও কলেজের প্রধান চতক জেয় ভিতরে ঢুকতে ব্যাপক ভাঙুর করে। এসময় তারা কলেজের সামনে ইন্দিরা রোডের ফুটপাথে কয়েকটি বোকান ভাঙুর করে। এক পর্যায়ে তারা হানিফ বেট্টা পার্টিসের কাউন্টারে হানলা চালায়। এসময় তেজগাঁও কলেজের শিক্ষার্থীরাও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করে। এসময় বিভিন্ন রুটের বাস ভাঙুর করে উভয় প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা। তেজগাঁও কলেজের কয়েকজন শিশুও বিষয়টি

নিচে সমঝোতা করার চেষ্টা করলেও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের হারমুখী আচরণের কারণে তা ব্যর্থ হয় বলে ঐ কলেজের কয়েকজন শিক্ষার্থী

অভিযোগ করেছেন।

পুলিশের তেজগাঁও বিভাগের উপ-কমিশনার বিল্লব কুমার সরকার জানান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা পেরবাংলা নগর থানার ওসি আব্দুল মনিরের কাছে একটি অভিযোগ দিয়েছে। অভিযোগটি নামমা হিসাবে গ্রহণ করা হয়েছে।

অন্যদিকে, ঘটনার পর ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দ ঘটনাস্থলে উপস্থিত হয়ে দুই শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে সমঝোতা করার চেষ্টা করে ব্যর্থ হয়। এক পর্যায়ে পুলিশ ঘটনাস্থল থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সরিয়ে দেয়। বেলা সাড়ে ৫টার দিকে এই এলাকার পরিহিত, হত্যাকাণ্ডের পর যানবাহন চলাচল শুরু হয়।